আলমডাঙ্গার ওসমানপুরে ৪২ পিস ট্যাপেন্টাডল ট্যাবলেটসহ আটক ২

আলমডাঙ্গার ওসমানপুর বাজার থেকে ৪২ পিস ট্যাপেন্টাডল ট্যাবলেট সহ দুজনকে আটক করেছে ফাঁড়িপুলিশ। গতকাল শনিবার রাত ৮ টার দিকে ফাঁড়িপুলিশ মাদক বিরোধী অভিযান চালিয়ে তাদের আটক করে।

জানাগেছে, আলমডাঙ্গা উপজেলার হারদি ইউনিয়নের ওসমানপুর বাজারের হাসান ট্রেডার্সের সামনে থেকে ওসমানপুর গ্রামের জামাত আলীর ছেলে শরিফুল ইসলাম (২৫) ও মৃত তোফাজ্জেল হোসেনের ছেলে মানিক (৩৫)কে আটক করে পুলিশ। তাদের নিকট থেকে ৪২ পিস ট্যাপেন্টাডল ট্যাবলেট উদ্ধার করে পুলিশ।

মুজিবনগরে গাঁজাসহ পেশাদার মাদক ব্যবসায়ী আটক

১৫০ গ্রাম গাঁজাসহ নুরুজ্জামান ওরফে আগুন (৩২) নামের এক পেশাদার মাদক ব্যবসায়ীকে আটক করেছে মুজিবনগর থানা পুলিশ।

নুরুজ্জামান ওরফে আগুন চুয়াডাঙ্গা সদর উপজেলার কেদারগঞ্জ এলাকার নতুন বাজার এলাকার মতিয়ার রহমানের ছেলে।

শনিবার ভোররাতের দিকে মুজিবনগর উপজেলার মুজিবনগর-দর্শনা রাস্তার বাগোয়ান গ্রামের মধ্যে থেকে তাকে গাঁজাসহ গ্রেফতার করা হয়।

মুজিবনগর থানার উপপরিদর্শক (এসআই) অতুল জোয়াদ্দার সঙ্গীয় ফোর্সসহ গোপন সংবাদে অভিযান চালিয়ে তাকে গ্রেফতার করেন।

গাঁজা উদ্ধারের ঘটনায় শনিবার সকালের দিকে ১৯১৮ সালের মাদকদ্রব্য নিয়ন্ত্রণ আইনের ৩৬(১) এবং ১৯(ক) ধারায় মুজিবনগর থানায় একটি মামলা দায়ের করা হয়েছে।

মুজিবনগর থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) মেহেদী রাসেল এই তথ্য নিশ্চিত করে বলেছেন, নুরুজ্জামান একজন পেশাদার মাদক ব্যবসায়ী। তার বিরুদ্ধে এর আগেও কয়েকটি মাদকের অভিযোগে মামলা রয়েছে। শনিবার বেলা ১১ টার দিকে আটক নুরুজ্জামানকে আদালতে প্রেরণ করা হয়েছে।

আলমডাঙ্গায় থানায় নতুন ওসি বিপ্লব কুমার নাথের যোগদান

আলমডাঙ্গা থানায় ভারপ্রাপ্ত কর্মকর্তা (পরিদর্শক) নতুন ওসি হিসেবে যোগদান করেছেন বিপ্লব কুমার নাথ। এসময় (ওসি) সাইফুল ইসলামকে বিদায় সংবর্ধনা দেওয়া হয়।

নবাগত ওসি বিপ্লব কুমার নাথ আলমডাঙ্গা থানায় যোগদানের পূর্বে তিনি মাগুরা জেলার শ্রীপুর থানা, শালিখা থানা, ঝিনাইদহ জেলার ঝিনাইদহ সদর থানা, কুষ্টিয়া জেলার কুষ্টিয়া মডেল থানা, যশোর জেলার মনিরামপুর থানা, সাতক্ষীরা জেলার কলারোয়া থানা, আশাশুনি থানায় অফিসার ইনচার্জ হিসেবে দায়িত্ব পালন করেন।
ইতোমধ্যে তিনি চুয়াডাঙ্গা জেলার বিশেষ শাখার জেলা গোয়েন্দা পুলিশের ওসির পদে যোগ দেন। শনিবার সকালে তিনি থেকে আলমডাঙ্গা থানায় আনুষ্ঠানিকভাবে যোগদান করেন।

যোগদান অনুষ্ঠানে তিনি বলেন- জীবন ও সম্পদের নিরাপত্তা নিশ্চিতকরনের জন্য আলমডাঙ্গা থানা এলাকার সম্মানিত সমগ্র আলমডাঙ্গা বাসীর সহযোগিতা কামনা করেছেন ওসি বিপ্লব কুমার নাথ, আইজিপি ব্যাজ (বার)।

আইন-শৃংখলা সংক্রান্ত যেকোন ইস্যুতে সমগ্র আলমডাঙ্গা বাসীর সুচিন্তিত পরামর্শকে স্বাগত জানানোর পাশাপাশি চারপাশের প্রতিনিয়ত ঘটমান অপরাধ সম্পর্কে তথ্য প্রদানকে তিনি উৎসাহিত করেছেন। তথ্যদাতার নিরাপত্তা ও গোপনীয়তা শতভাগ রক্ষা করা হবে।

মেহেরপুরে ভারতীয় সীমান্ত থেকে ১২ কেজি রৌপ্য জব্দ

মেহেরপুরের ভারতীয় সীমান্তবর্তী বাংলাদেশের অভ্যন্তর থেকে চোরচালানাকৃত ১২ কেজি রৌপ্য জব্দ করেছে বর্ডার গার্ড বাংলাদেশ (বিজিবি)।

শনিবার সকালে বিজিবি কুষ্টিয়া ব্যাটালিয়নের (৪৭ বিজিবি) মেহেরপুরের গাংনী উপজেলার সীমান্তবর্তী তেঁতুলবাড়ী বিওপির একটি টহল দল পরিত্যক্ত অবস্থায় এই রৌপ্য জব্দ করেন।

৪৭-বিজিবি কুষ্টিয়া ব্যাটালিয়নের উপ-অধিনায়ক মেজর মোহাম্মদ রফিকুল ইসলাম সন্ধ্যায় দেওয়া প্রেসনোট থেকে জানা যায়, গতকাল শনিবার সকালে মেহেরপুরের তেঁতুলবাড়ী বিওপির কমান্ডার নায়েব সুবেদার মো. মশিউর রহমানের নেতৃত্বে মাদক ও চোরাচালানবিরোধী অভিযান পরিচালনা করা হয়।

এসময় ভারত-বাংলাদেশ সীমান্ত পিলার ১৪১/১-এস থেকে আনুমানিক ৫০ গজ বাংলাদেশের অভ্যন্তরেন মথুরাপুর মাছ এলাকার একটি বাঁশ বাগান থেকে পরিত্যক্ত অবস্থায় ভারতীয় ১২ কেজি রৌপ্য জব্দ করা হয়।

জব্দকৃত রৌপ্য এর আনুমানিক সিজার মূল্য ১৬ লাখ ৭৮ হাজার ৯২০ টাকা। জব্দকৃত রৌপ্য সেক্টর সদর দপ্তরে জমা করা হয়েছে।

আলমডাঙ্গায় ৫০ পিস ট্যাপেন্টাডল ট্যাবলেটসহ আটক ২

আলমডাঙ্গা থানা পুলিশের অভিযানে দু’জন মাদক ব্যবসায়ী ৫০ পিস ট্যাপেন্টাডল ট্যাবলেট সহ আটক করেছে পুলিশ।

শনিবার রাত ৮ টার দিকে পৌর এলাকার লালব্রিজ সংলগ্ন থেকে তাদের আটক করে। আটকৃত ব্যক্তিদের বিরুদ্ধে মাদক দ্রব্য নিয়ন্ত্রণ আইনে মামলা দায়ের করেছে পুলিশ।

জানাগেছে, কুষ্টিয়া ইবি থানার দুর্গাপুর গ্রামের মহত আলীর ছেলে আলাউদ্দিন (২৭) ও মসলেম উদ্দীনের ছেলে সামিম (২০)। গতকাল শনিবার রাত ৮টার দিকে আলমডাঙ্গা পৌর এলাকার লালব্রিজের নিকট মাদক দ্রব্য ট্যাপেন্টাডল ট্যাবলেট বিক্রয়ের জন্য অবস্থান করছিলো।

গোপন সংবাদের ভিত্তিতে আলমডাঙ্গা থানার এএসআই মোস্তফা কামাল ও এএসআই রাসেল তালুকদার মাদকদ্রব্য নিয়ন্ত্রণ রোধে অভিযান পরিচালনা করেন। লালব্রিজ সংলগ্ন ব্রিজের উপর থেকে দু’জনকে আটক করে। তাদের শরীর তল্লাশি করে ৫০ পিস ট্যাপেন্টাডল ট্যাবলেট উদ্ধার করে। রাতেই আটকৃত ব্যাক্তিদের বিরুদ্ধে মাদক নিয়ন্ত্রণ আইনে মামলা দায়ের করে পুলিশ।

জীবননগর থানার ওসির বিদায় ও নবাগত ওসি নাসির উদ্দিন মৃধার যোগদান

জীবননগর থানার সাবেক অফিসার ইনচার্জ (ওসি)মোঃ আব্দুল খালেককে বিদায় ও নবাগত অফিসার ইনচার্জ (ওসি) হিসাবে মোঃ নাসির উদ্দিন মৃধার যোগদান উপলক্ষে মতবিনিময় আলোচনা সভা ও সংবর্ধনা অনুষ্টিত হয়েছে।

শনিবার বিকাল ৫টার সময় জীবননগর থানার আয়োজনে জীবননগর থানা কার্যলয়ে এ আলোচনা, মতবিনিময় সভা ও সংবর্ধনা প্রদান করা হয়।

জীবননগর থানার নবাগত অফিসার ইনচার্জ (ওসি) মোঃ নাসির উদ্দিন মৃধার সভাপতিত্বে এ সময় উপস্থিত ছিলেন, জীবননগর থানার সাবেক অফিসার ইনচার্জ (ওসি) মোঃ আব্দুল খালেক,জীবননগর থানার (ওসি) তদন্ত স্বপন কুমার, ওসি (অপারেশন) মাহাবুব হোসেন, সীমান্ত

ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান ইসাবুল ইসলাম মিল্টন, সাংবাদিক জাহিদ বাবু, আতিয়ার রহমান, মিঠুন মাহমুদ, জীবননগর থানার এস আই নাহিরুল ইসলাম, রায়হান, মাহফুজ, নওশাদ প্রমুখ।

উক্ত অনুষ্ঠানটি সার্বিক পরিচালনা করেন জীবননগর থানার এস আই কেরামত আলী।

মুজিবনগরে ৩ সাংবাদিকের বিরুদ্ধে ইউপি মেম্বরের মামলা

প্রথম আলোর সাংবাদিক সামসুজ্জামান শামসকে আটকের জেরে বাংলাদেশসহ বিভিন্ন দেশে যখন নিন্দার ঝড় বইছে ঠিক সেসময়ে মেহেরপুরের মুজিবনগরে সংবাদ প্রকাশের জেরে তিন সাংবাদিককের নামে মানহানি মামলা করা হয়েছে।

গতকাল বৃহস্পতিবার মুজিবনগরের সিনিয়র জুডিশিয়াল ম্যাজিষ্ট্রেট আমলী আদালতে এ মামলা দায়ের করেন মুজিবনগরের বাগোয়ান ইউনিয়নের ৫ নম্বর ওয়ার্ড সদস্য আব্দুর রাকিব। মামলায় আসামি করা হয়েছে জবাবদিহির মুজিবনগর প্রতিনিধি শাকিল রেজা, মাথাভাঙ্গার মুজিবনগর প্রতিনিধি শেখ শফি এবং সময়ের সমিকরণের মুজিবনগর প্রতিনিধি সোহাগ মণ্ডলকে।

গত ২৫ মার্চ ঢাকা থেকে প্রকাশিক জবাবদিহি, চুয়াডাঙ্গা থেকে প্রকাশিক মাথাভাঙ্গা ও সময়ের সমিকরণে সাংবাদিকদের নাম ভাঙিয়ে টিসিবি পন্য নিলেন ইউপি সদস্য রাকিব’ শিরোনামসহ ভিন্ন শিরোনামে সংবাদ প্রকাশিত হয়। ওই সংবাদের জের ধরে তিনি ২০ লাখ টাকা ক্ষতিপূরণ দাবী করে সাংবাদিকদের বিরুদ্ধে তিনি এ মামলা করেন। মামলাটি আমলে নিয়ে বিজ্ঞ বিচারক পিবিআইকে তদন্তের নির্দেশ দিয়েছেন।

মামলার এজাহারে বাদীর অভিযোগ, আসামীরা মানহানীকর, মান সম্মানহানীকারী ব্যক্তি। তিনি একজন একজন সমাজপতি এবং স্থানীয় ইউ.পি সদস্য এবং তিনটি স্কুলের সহ- সভাপতি। তিনি বাগোয়ান

ইউনিয়নের ৫নং ওয়ার্ড আওয়ামী লীগেরও সভাপতি। এছাড়াও তিনি ১৫টি প্রতিষ্ঠানের সাথে জড়িত বলে দাবী করেছেন।
তিনি এজাহারে আরো উল্লেখ করেছেন, আসামীরা তার মান সম্মানের ক্ষতি করার জন্য যে কোন সময় যে কোন স্থানে কটূক্তি ও কুরুচি কথাবার্তা বলে বেড়াচ্ছে। আসামীরা নিজেদের সাংবাদিক পরিচয় দিয়ে বিভিন্ন মহলে চাঁদাবাজী করে এবং নিরীহ লোকজনের মান সম্মানের ক্ষতি করে। বাগোয়ান ইউনিয়ন পরিষদের ৫ ও ৬ নং ওয়ার্ড ঢোলমারী ও রতনপুর, বল্লভপুরে ও বাগোয়ান ওবায়দুল ইসলাম (সোনার) আম বাগানে কম মূল্যে টিসিবির মালামাল বিক্রয় করা হচ্ছিল। আমি কখনো টিসিবি’র মালামাল ক্রয় না করা সত্ত্বেও আসামীরা সংবাদ প্রকাশ করে।

যে সংবাদের কারণে মানহানি মামলা তা পাঠকের উদ্দেশ্যে তুলে ধরা হলো

মুজিবনগরে সাংবাদিকদের নাম করে টিসিবি’র পণ্য উত্তোলন করেছে ইউপি সদস্য রকিব হোসেন। শুক্রবার সকালে বাগোয়ান গ্রামে টিসিবি পণ্য বিতরন চলাকালীন সময়ে কার্ড না দিয়ে সাংবাদিকদের নাম করে ৫টি পণ্য উত্তোলন করেন তিনি। অথচ সেই পণ্যের বিষয়ে সাংবাদিকদের অবহিত করা হয়নি। পরে সাংবাদিক সোহাগ মন্ডলসহ অন্যান্য সাংবাদিকরা সেখানে গেলে সাংবাদিকদের নামে ইউপি সদস্য রকিব হোসেন ৫ জনের জন্য টিসিবি পণ্য নিয়েছেন বলে জানান টিসিবি’র ডিলার রিপন আলী। ইউপি সদস্যের এমন কর্মকান্ডে নিন্দা প্রকাশ করেছেন স্থানীয় সাংবাদিকরা। এছাড়ার দীর্ঘ সময় লাইনে দাড়িয়ে থেকেও পণ্য না পাওয়া এবং স্বজনপ্রীতি করে লাইনের বাইরে পণ্য দেওয়ার অভিযোগও অনেকের। অভিযোগ রয়েছে, টিসিবি’র পণ্য নিতে আসা কার্ডধারী নিম্নআয়ের সাধারন মানুষ ভোর রাত থেকে লম্বা দীর্ঘ লাইনে সারাদিন দাড়িয়ে থেকেও পাচ্ছে না একটি পণ্য। যাদের কিনা এই পণ্যটি খুবই প্রয়োজন। বেশি টাকা দিয়ে তেল, চিনি কেনার সক্ষমতা তাদের নেই।

তবুও নিম্নআয়ের ব্যাক্তিদের মিলছে না পণ্য। অথচ পিছন দিক দিয়ে পণ্য পার হচ্ছে অন্যদের হাতে। টিসিবি পণ্য কিনতে আসা নাছিরন নেছা জানান, দোকানে তেল চিনি কিনতে অনেক টাকা লাগে। কিন্তু এখানে সেটা ন্যায্য মূল্যে পাচ্ছি। তবে এখানে পণ্য নিতে এসে সেই ভোর রাত থেকে লাইনে দাড়িয়ে থাকতে হয়। তারপরেও কিছু কিছু দিন পণ্য না পেয়ে খালি হাতে বাড়ি ফিরতে হয়। আরেকজন পণ্য ক্রেতা জানান, এর আগেরবার টিসিবি পণ্য নিতে এসেছিলাম। সারাদিন লাইনে দাড়িয়ে থাকার পর পণ্য শেষ হয়ে যাওয়ায় বাসায় চলে গিয়েছিলাম। আজকেও এসেছি, সকাল

থেকে লাইনে দাড়িয়ে আছি। কিন্তু পাশে থেকে মানুষ এসে ২/৩টা করে টিসিবি’র পণ্য নিয়ে যাচ্ছে।

টিসিবি’র পণ্য নিতে আসা কার্ডধারী নিম্নআয়ের সাধারন মানুষ ভোর রাত থেকে লম্বা দীর্ঘ লাইনে সারাদিন দাড়িয়ে থেকেও পাচ্ছে না একটি পণ্য। যাদের কিনা এই পণ্যটি খুবই প্রয়োজন। বেশি টাকা দিয়ে তেল, চিনি কেনার সক্ষমতা তাদের নেই। তবুও নিম্নআয়ের ব্যাক্তিদের মিলছে না পণ্য, অথচ পিছন দিক দিয়ে পন্য পার হচ্ছে অন্যদের হাতে।

টিসিবি’র ডিলার রিপন আলীর সাথে যোগাযোগ করলে তিনি জানান, রকিব মেম্বার সাংবাদিকদের নামে ৫টি পণ্য নিয়ে গেছে। পরে সাংবাদিকরা ঘটনাস্থলে আসলে তাদের কাছ থেকে জানতে পারি তারা পণ্যের নেওয়ার বিষয়ে কিছুই জানেন না। একজন জনপ্রতিনিধি এধরণের প্রতারণা করে পণ্য নিয়ে যাবে ভাবতে পারিনি।

এবিষয়ে জানতে রকিব মেম্বারের ০১৯৭১৯০১২১০ নম্বরে যোগাযোগ করলে তার ফোনটি বন্ধ পাওয়া যায়।

চুয়াডাঙ্গা জেলায় একইসঙ্গে ৪ থানার ওসিকে রদবদল ৭ টি পদে বদলী

চুয়াডাঙ্গা জেলার পুলিশের ৭ টি পদে বদলি ও পদায়নের মাধ্যমে রদবদল করা হয়েছে। জেলার ৫টি থানার মধ্যে ৪ টি থানা আলমডাঙ্গা, জীবননগর, দর্শনা, দামুড়হুদা ও বিশেষ শাখার ওসিকে বদলি ও সংযুক্ত করা হয়েছে। একইসঙ্গে ৪ থানার ওসি ও বিশেষ শাখার ওসিসহ ৭ কর্মকর্তা রদবদল হওয়ায় সকেলই আগে থেকে এই জেলায় কর্মরত আছেন।

বৃহস্পতিবার চুয়াডাঙ্গা জেলা পুলিশ সুপার আব্দুল্লাহ আল-মামুন স্বাক্ষরিত এক অফিস আদেশে এ বদলি ও সংযুক্ত করা হয়েছে।

অফিস আদেশে, চুয়াডাঙ্গা অপরাধ শাখার পুলিশ পরিদর্শক বিপ্লব কুমার নাথ আলমডাঙ্গা থানার ওসি হিসেবে দায়িত্ব পেয়েছেন। জীবনগর থানার

ওসি হিসেবে দায়িত্ব পেয়েছেন চুয়াডাঙ্গা লাইন ওআর মো. নাসির উদ্দিন মৃধা। দামুড়হুদা থানার ওসি ফেরদৌস ওয়াহিদকে বদলি করে দর্শনা থানায় পাঠানো হয়েছে। জীবনগর থানার অফিসার ইনচার্জ আব্দুল খালেককে সদর সার্কেল অফিসে দায়িত্ব দেওয়া হয়েছে। আলমডাঙ্গা থানার অফিসার ইনচার্জ সাইফুল ইসলামকে দামুড়হুদা মডেল থানার ওসি হিসেবে দায়িত্ব দেওয়া হয়েছে। দর্শনা থানার অফিসার ইনচার্জ লুৎফুল কবীরকে জেলা বিশেষ শাখায় পাঠানো হয়েছে। সদর সার্কেল অফিস থেকে বিপ্লব কুমার সাহাকে সরিয়ে কোর্ট পুলিশ পরিদর্শক সদর কোর্টের দায়িত্ব দেওয়া হয়েছে।

এর আগে ১৩ মার্চ চুয়াডাঙ্গা অপরাধ শাখার পুলিশ পরিদর্শক বিপ্লব কুমার নাথকে সদর কোর্টে বদিল আদেশ বাতিল করা হয়েছে।

এ ব্যাপারে চুয়াডাঙ্গার পুলিশ সুপার জাহিদুল ইসলাম জানান, এটি নিয়মিত প্রক্রিয়ার অংশ। বদলির সময়পূর্ণ হওয়ায় একইসঙ্গে জেলার ৫ থানায় এমন রদবদলের ঘটনা।

বামন্দীতে গাঁজাসহ আটক ২

মেহেরপুরের গাংনী উপজেলার বামন্দী পশুহাট এলাকা থেকে গোপন সংবাদের ভিত্তিতে অভিযান চালিয়ে ১৫০ গ্রাম গাঁজাসহ দুইজনকে আটক করা হয়েছে।

আজ বৃহস্পতিবার বিকেলের দিকে বামন্দী পুলিশ ক্যাম্পের একটি দল এ অভিযান পরিচালনা করে।

আটককৃতরা হলেন, চুয়াডাঙ্গা জেলার আলমডাঙ্গা উপজেলার ভাঙবাড়িয়া গ্রামের আমিরুল ইসলামের ছেলে আসলাম উদ্দিন (৪৫) এবং একই গ্রামের রিয়াজুদ্দিনের ছেলে আরশেদ আলী (২৮)।

গাংনী থানাধীন বামন্দী পুলিশ ক্যাম্প ইনচার্জ এসআই ইসরাফিল হোসেন জানান, গোপন সংবাদ ভিত্তিতে অভিযান চালিয়ে বামন্দী পশুহাট এবং নওদা ছাতিয়ানের মাঝামাঝি এলাকা থেকে দুজনকে ১৫০ গ্রাম গাঁজা সহ আমরা আটক করি। মাদকদ্রব্য নিয়ন্ত্রণ আইনে মামলা দায়ের

করে তাদের আদালতে পাঠানো হবে।

জীবননগরে ৩ প্রতিষ্ঠানকে ৮ হাজার টাকা জরিমানা

জীবননগর পৌর শহরে ভ্রাম্যমান আদালত অভিযান চালিয়ে ৩ টি প্রতিষ্ঠানে ৮ হাজার টাকা জরিমানা প্রদান করেছে।

আজ বৃহস্পতিবার বিকাল ৪টার সময় জীবননগর থানা পুলিশের সহযোগিতায় জীবননগর উপজেলা নির্বাহী অফিসার ও নির্বাহী ম্যাজিস্ট্রেট মোঃ রোকনুজ্জামান এ অভিযান পরিচালনা করে।

ভ্রাম্যমান আদালত সুত্রে জানা গেছে, জীবননগর পৌর শহরের বেশ কিছু ব্যবসা প্রতিষ্ঠানে মাহে রমজান মাসে নিম্নমানের খাবার মুড়ি ও গাছড়া ঔষধ বিক্রয় করছে যার মেয়াদকাল ও উৎপাদনকাল কিছুই নাই এমন অভিযোগের ভিক্তিত্বে জীবননগর পৌর শহরের কাচা বাজারে অভিযান চালিয়ে নুর ভ্যারাইটি স্টোরের মালিক হুসাইনকে ৫ হাজার টাকা, তাজুল স্টোরের মালিক নাজমুল হককে ১ হাজার টাকা এবং ইনসাফ ট্রের্ডাসকে ২ হাজার টাকা জরিমানা প্রদান করে।

জীবননগর উপজেলা নির্বাহী অফিসার ও নির্বাহী ম্যাজিস্ট্রেট মোঃ রোকনুজ্জামান বলেন, পবিত্র মাহে রমজান মাসে কোন ব্যবসায়ী যাতে ক্রেতাদের সাথে প্রতারনা করতে না পারে সে জন্য প্রশাসনিক ভাবে সার্বক্ষনিক বাজার মনিটরিং করা হচ্ছে। প্রতিটা ব্যবসা প্রতিষ্ঠানের মালিকদের সর্তক করা হয়েছে তারপর যদি কেউ আইন অমান্য করে ক্রেতাদের সাথে প্রতারনা করে তা হলে অভিযোগ পেলে ওই ব্যবসা প্রতিষ্ঠানের মালিকের বিরুদ্ধে আইনগত ব্যবস্থা নেওয়া হবে।

ভ্রাম্যমান আদালত পরিচালনা কালে উপস্থিত ছিলেন জীবননগর উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সের স্যানেটারী ইন্সপেক্টর মোঃ আনিছুর রহমান।